

অফিস আদেশ

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২-১৩১৫

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের দপ্তরসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সভর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে সংগঠিত কতিপয় অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষিতে সরকারি স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদারের অংশ হিসেবে গণপূর্ত অধিদপ্তরের দপ্তরসমূহের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালীকরণের আবশ্যিকতা দেখা দিয়েছে। সে প্রেক্ষিতে অধিদপ্তরের সকল দপ্তরসমূহের জন্য প্রযোজ্য কতিপয় দিক-নির্দেশনা প্রদান করা হলঃ

- ০২। অধিদপ্তরে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র প্রদান করতে হবে। অফিস সময়ে সার্বক্ষণিক পরিচয়পত্র বহন/প্রদর্শন বাধ্যতামূলক।
- ০৩। সকল দপ্তরের প্রবেশমুখে/গেটে আধুনিক প্রযুক্তির Access Control System (ACS) এর সংস্থান করতে হবে। ACS ব্যবস্থা চালু না হওয়া পর্যন্ত প্রবেশ পথে দায়িত্বরত নিরাপত্তাকর্মীর নিকট পরিচয়পত্র প্রদর্শন করে দপ্তরে প্রবেশ করতে হবে। নিরাপত্তা কর্মী সকল প্রকার ব্যাগ/বহনকৃত বস্তু পরীক্ষা নিশ্চিত করবেন।
- ০৪। দপ্তরের স্থাপনা ও জান-মাণের অধিকতর নিরাপত্তা নিশ্চিত করার জন্য দপ্তরের প্রবেশ পথে, দপ্তরের অভ্যন্তরে, দপ্তরের চতুর্দিকে, গুরুত্বপূর্ণ স্থান/স্থান সমূহে, আইটি রুম, কমন রুম, লাইব্রেরী রুমসহ অন্যান্য স্থানে প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি/আইপি ক্যামেরা/স্পাই ক্যামেরা স্থাপন করতে হবে। ক্যামেরা সমূহ দপ্তরের কেন্দ্রীয় তথ্য নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকতে হবে। সিসিটিভিগুলো যেন সার্বক্ষণিক চালু/সচল থাকে তা নিশ্চিত করতে হবে। সিসিটিভিতে ধারণকৃত ফুটেজ রেকর্ডকরণ নিশ্চিত করারসহ ফুটেজ ন্যূনতম এক বছর সংরক্ষণ করতে হবে।
- ০৫। দপ্তরে বেহন অতিথি/পরিদর্শক/দপ্তর কার্যক্রম সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ প্রবেশ করতে হলে সাক্ষাত প্রার্থীর অনুমতি সাপেক্ষে প্রবেশ গেটে রক্ষিত রেজিস্ট্রারে নাম পরিচয় (মোবাইল নম্বরসহ) লিপিবদ্ধ করণ পূর্বক প্রবেশ অনুমতি প্রদান করা হবে। এক্ষেত্রে আপমন/প্রস্থান সময় গেটে রেকর্ড করতে হবে।
- ০৬। প্রযোজ্য ক্ষেত্রে প্রবেশ গেটে মেটাল ডিটেক্টর স্থাপন করতে হবে।
- ০৭। সিসিটিভির কার্যকর ব্যবহারের জন্য Access Control System (ACS) এর সাথে এর সংযোগ স্থাপন আবশ্যিক। প্রয়োজনে সিসিটিভির দায়িত্বে থাকা কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ০৮। দপ্তর/ভবন অভ্যন্তরে ধূমপান সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং আইনত দণ্ডনীয়।
- ০৯। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে এবং অফিস সময়ের আগে/পরে/রাত্রিকালীন সময়ে কর্মকর্তা কর্তৃক নিজ দপ্তর/ভবন আকস্মিক পরিদর্শন করতে হবে।

সরকারি গুরুত্ব স্থাপনা হিসেবে গণপূর্ত অধিদপ্তরের নিরাপত্তা সুনিশ্চিত করণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য। অবিলম্বে এ নির্দেশনা কার্যকর হবে।

(মোঃ হাফিজুর রহমান মুন্সী)

প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ce@pwd.gov.bd

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ

১৪ জুলাই ২০১৬ খ্রিঃ

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২-১৩১৫(১৫০)

কার্যার্থে বিতরণঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন,
- ০২। সত্য়াবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল,
- ০৩। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিবাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৫।